42

তারিখ ...3.2 JUL 1997... ...
পৃষ্ঠা ...১... কলাম ...১......

দৈনিক ইনকিলাব

### সূর্যসেন হল দখলের প্রতিবাদ

# ছাত্র দলের ডাকে দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ ধর্মঘট পালিত

স্টাফ রিপোর্টার ঃ মুজিববাদী ছাত্র লীগ কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল দখলের প্রতিবাদে এবং বিতাড়িত ছাত্র দল কর্মীদের হলে পুনরায় উঠানোর দাবীতে গতকাল সারাদেশে জাতীয়বাতাবাদী ছাত্র দলের ডাকে পূর্ণ ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। ধর্মঘট চলাকালে নারায়ণগঞ্জ কলেজে মুজিববাদী ছাত্র লীগের নেতা-কর্মীরা ছাত্র দলের একটি সমাবেশে হামলা চালালে ছাত্র দলের ১০ জন

১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## ধর্মঘট পালিত

প্রথম পৃষ্ঠার পর

নেতা-কর্মী আহত হয়। ধর্মঘটের ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের অধিকাংশ স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস বা পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। ছাত্র দলের বিক্ষুব্ধ কর্মী-সমর্থকরা শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা সমাবেশের আয়োজন করে এবং ছাত্র লীগের অব্যাহত সন্ত্রাস ও নৈরাজ্যের তীব্র নিন্দা জানায়।

এদিকে সারাদেশে ছাত্র লীগের সন্ত্রাস নৈরাজ্যের প্রতিবাদে সফল ছাত্র ধর্মঘট পালিত হওয়ায় ছাত্র দলের কেন্দ্রীয় সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি ও সম্পাদক হাবিবুন্নবী সোহেল, ছাত্র দলের সকল নেতা-কর্মী, সাধারণ ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। সরকার ও তার দল সারাদেশের গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে স্বৈরতান্ত্রিক শ্বেতসন্ত্রাস বন্ধ না করলে ভবিষ্যতে কঠিন কঠোর কর্মসূচী পালনের জন্য প্রস্তুত থাকতে তারা আহ্বান জনান।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের ছাত্র ধর্মঘটেরও ছিল তৃতীয় দিন। টানা তিন দিনের ধর্মঘট পালনের পর গতকাল বিকেলে এক সমঝোতা বৈঠকের মাধ্যমে আজ থেকে উক্ত ধর্মঘট প্রত্যাহার করে নেয়া হয়েছে। গতকালের ছাত্র ধর্মঘটের সমর্থনে সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্র দল আয়োজিত সমাবেশে কেন্দ্রীয় সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থার জন্য সরকারী দলের ছাত্র সংগঠন ছাত্র লীগকে দায়ী করে বলেন, ক্ষমতার দাম্ভিকতায় সন্ত্রাসীদের দ্বারা একের পর এক হল দখলের যে নোংরা রাজনীতি ছাত্র লীগ শুরু করেছে তার খেসারত অবশেষে সরকারকেই দিতে হবে। এ্যানি বলেন, জ্ঞান অনুশীলনের শ্রেষ্ঠ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগ ২৮ হাজার ছাত্র-ছাত্রীকে জিম্মি করে সন্ত্রাস অনুশীলন করছে। তাদের এ সন্ত্রাসের মুখে সর্বশেষ নির্যাতনের শিকার সূর্যসেন হলের ছাত্ররা। সমাবেশে হাবিব উন নবী সোহেল বলেন, কর্তৃপক্ষের উদ্যোগে গৃহীত সমঝোতা প্রহসনে পরিণত হলে এর পরিণাম হবে ভয়াবহ। তিনি বলেন, ছাত্র লীগ কর্তৃক সৃষ্ট অশান্ত পরিবেশে বিশ্ববিদ্যালয় তার অতীত গৌরব হারাতে বসেছে।

সমাবেশে আরো বক্তব্য রাখেন— নাসিরুদ্দীন পিন্টু, মঞ্জুর এলাহী, মোজাফফর হোসেন জাকির, মনোয়ার হোসেন রানা, শাহাবুদ্দীন লাল্টু, বজলুল বাসিত আঞ্জু, মনির হোসেন, সেলিমুজ্জামান সেলিম প্রমুখ। পরে ছাত্র ধর্মঘটের সমর্থনে ছাত্র দলের এক বিরাট মিছিল বিশ্ববিদ্যালয় এলাকা প্রদক্ষিণ করে।